

তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
Matlab, OriginPro and LaTeX কোর্সে ভর্তির তথ্যাবলী

১। কোর্সের সংক্ষিপ্ত বিবরণ:

■ Lectures on Matlab

Mathlab (ম্যাটল্যাব) একটি উচ্চস্তরের প্রোগ্রামিং ভাষা, যেখানে জটিল গাণিতিক হিসেব-নিকেশ, সিমুলেশন কিংবা ভিজুয়লাইজেশনের মত কাজগুলি সঠিক ও সহজভাবে করা যায়। এটি উচ্চতর শিক্ষায়, গবেষণায়, বিশেষ করে প্রকৌশল ও বিজ্ঞানের বিভিন্ন শাখায় ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে থাকে।

■ Lectures on OriginPro

OriginPro (অরিজিনপ্রো) বিশ্বব্যাপী সমাদৃত তথ্য-উপাত্ত বিশ্লেষণকারী সফটওয়্যার। পরিসংখ্যানের বিভিন্ন ধরনের গ্রাফ বা লেখচিত্রের মাধ্যমে সহজে আঁকার জন্য এই সফটওয়্যার ব্যবহার হয়ে থাকে। বিশ্লেষণ কাজে বিজ্ঞানী ও প্রকৌশলীদের মাঝেও এটি বেশ জনপ্রিয়।

■ Lectures on LaTeX

LaTeX (ল্যাটেক্স) রিপোর্ট তৈরির জন্য ব্যবহৃত একটি ভাষা ও সফটওয়্যার। এটি মূলত বিভিন্ন বই এবং গবেষণাধর্মী লেখা বিশেষ করে থিসিস, রিসার্চ পেপার, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত ফলাফল উপস্থাপনের জন্য ব্যবহৃত হয়ে থাকে। বিশ্বজুড়ে এটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও অন্যান্য পেশার মানুষজনের মাঝে, বিশেষ করে রেফারেন্স, টেবিল অব কন্টেন্ট, ছবি, গাণিতিক সমীকরণ ইত্যাদি সহজ ও সঠিকভাবে প্রকাশের মাধ্যমে।

২। কোর্সের মেয়াদ: ১০ সপ্তাহ (৩ দিন/সপ্তাহ), সর্বমোট ৩০ দিন, ক্লাসের সময়: ১ ঘন্টা ১৫ মিনিট/দিন

৩। আবেদনের শেষ তারিখ: ১০ জানুয়ারী, ২০১৯ খ্রিস্টাব্দ।

৪। ক্লাস শুরু করার সম্ভাব্য তারিখ: ১৫ জানুয়ারী, ২০১৯ খ্রিস্টাব্দ।

৫। ক্লাসের সময়সূচী:

গ্রুপ	শনিবার-সোমবার-বুধবার
১	৩:১৫ টা - ৪:৩০ টা

৬। ভর্তির যোগ্যতা: আবেদনকারীকে যে কোন সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত হতে হবে।

৭। নিয়মাবলী:

সকল শিক্ষার্থীকে এইচ.এস.সি মূল সনদের ফটোকপি, বিশ্ববিদ্যালয়ের পরিচয়পত্রের ফটোকপি এবং পাসপোর্ট আকারের ২ কপি ছবি জমা দিতে হবে। ভর্তির পর কোনক্রমেই গ্রুপ/সময় পরিবর্তন করা যাবে না। ভর্তির পূর্বেই ভর্তি সংক্রান্ত সকল তথ্য কোর্স অফিসার এর নিকট থেকে জেনে নেওয়ার জন্য অনুরোধ করা হল।

৮। ফর্ম বিতরণ, জমার তারিখ ও সময়: তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের তথ্য কেন্দ্র (রুম নং-১০৬) থেকে ফর্ম সংগ্রহ করে অথবা তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের ওয়েব ঠিকানা http://www.iit.du.ac.bd/training_programs_first থেকে ফর্ম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে সকাল ১০:০০ হতে রাত ৮:০০ টার মধ্যে তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের তথ্য কেন্দ্র (রুম নং-১০৬) ফর্ম জমা দেয়া যাবে।

৯। কোর্স ফি: টা: ৮,০০০/- (আট হাজার টাকা)।

১০। যোগাযোগ: ০১৭৭৯৪৮২৯৯৪

Nadi

কোর্স কোঅর্ডিনেটর
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়

Shahin
২.১.১৭

পরিচালক
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়